**বাংলাদেশ কৃষি ব্যাংক**
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

Phone- 9550505
email:dgmicd@krishibank.org.bd

প্রকা/অনিবি/প্রশা-৪২/২০১৭-২০১৮/১২০৭ (১২৫৩) তারিখ ঃ ২৫/০৬/২০১৮

১। সকল উপ-মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখাসমূহ।

২। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।
মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়।

বিষয়ঃ জাল-জালিয়াতি/প্রতারনামূলক কার্যক্রম প্রতিরোধের জন্য ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার জুন/২০১৮ ভিত্তিক ষান্মাসিক (Self Assessment of Anti Fraud Internal Controls ) প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ডিওএস সার্কুলার লেটার নং ১০ তারিখ ০৯/০৫/২০১৭ এ উল্লেখিত পরিবর্তিত ৭৮ কলাম ও ১৩ কলাম( ২টি জাল-জালিয়াতি সংক্রান্ত একটি প্রথম থেকে শেষ সময়কাল পর্যন্ত এবং অন্যটি সর্বশেষ ষান্মাসিক সময়ের) এর Self Assessment of Anti Fraud Internal Controls ষান্মাসিক প্রতিবেদন ষান্মাস শেষে পরবর্তী এক মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের উক্ত বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। উল্লেখিত পরিবর্তিত সার্কুলার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে ০৯/০৮/২০১৭ তারিখে আপলোড করা হয়েছে। সময়মত প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকে প্রেরণের উপর অত্র ব্যাংকের ভাবমুর্তি জড়িত। এছাড়া বিলম্বে প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হলে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে বাংলাদেশ ব্যাংকের নিকট জবাবদিহি করতে হয়। তাই ব্যাংক ব্যবস্থাপনা বিষয়টি কঠোর নজরদারিতে রাখেন।

০২। এমতাবস্থায়, জুন মাস শেষে অনধিক ১৫ দিনের মধ্যে অর্থাৎ ১৫/০৭/২০১৮ তারিখের মধ্যে জুন/২০১৮ ভিত্তিক ষান্মাসিক বিবরণী জরুরী ভিত্তিতে শাখা থেকে সংগ্রহপূর্বক সমন্বিত প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

২৫/৬/২০১৮

( লুৎফুন নাহার নাজ )
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্‌, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রখানা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। নথি মহানথি।

D:\Diba\Letter.docx